

## কেন্দ্রীয় মন্ত্রীকে চিঠি তৃণমূলের

নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লি: ডিজাইন তৈরিতে কি বিশেষজ্ঞরা ছিলেন? এর খরচই বা কত? রেপ্লিকা বসানোর আগে তার ডিজাইন কি দিল্লি আরবান আর্ট কমিশন এবং হেরিটেজ করজারভেশন কমিটিতে দেখানো হয়েছিল? নির্মায়মান নয়া সংসদ ভবনের মাথায় জাতীয় প্রতীক অশোক স্তম্ভ ইস্যুতে সরকারের বক্তব্য জানতে চাইল তৃণমূল।

দলের রাজ্যসভার সদস্য তথা প্রাক্তন কেন্দ্রীয় সংস্কৃতি সচিব জহর সরকার চিঠি দিয়ে কেন্দ্রীয় নগরোন্নয়ন মন্ত্রী

### অশোক স্তম্ভ বিতর্ক

হরদীপ সিং পুরী জবাব চেয়েছেন। তিনি লিখেছেন, বেঙ্গালুরুতে কর্ণাটক বিধান সৌধর মাথায় বিশালাকার অশোক স্তম্ভের রেপ্লিকা নিয়ে তো গত ৬৫ বছর কোনও বিতর্ক হয়নি। তাহলে নয়া সংসদ ভবন নিয়ে কেন হবে? জহরবাবুর বক্তব্য, জাতীয় প্রতীকের ত্রিমাত্রিক ছবি দেখলেই স্পষ্ট হয়ে যাচ্ছে, রেপ্লিকায় গলদ রয়েছে। অথচ সরকারের পক্ষ থেকে যুক্তি দেওয়া হচ্ছে, আসল অশোক স্তম্ভের মাপ ছোট।